

CC1

বি.এ. বি.এড

প্রথম সেমেস্টার

ডিপার্টমেন্ট অফ এডুকেশন, বর্ধমান বিশ্ববিদ্যালয়

পূর্ণমান- ৮০

যেকোনো ৬টি প্রশ্নের উত্তর দাও

৬ x ৫= ৩০

১। সাক্ষাভাষা কাকে বলে? এই ভাষার বৈশিষ্ট্যগুলি চর্যাপদকে কিপ্রকার বিশেষত্ব প্রদান করেছে তা আলোচনা কর।

১+৪=৫

২। মঙ্গলকাব্যের শ্রেণিবিভাগ কর। ৫

৩। বাংলা সাহিত্যে চণ্ডিদাস সমস্যার সঙ্গে শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কোনো যোগ আছে কি? — বক্তব্যের স্বপক্ষে অথবা বিপক্ষে তোমার অভিমতটি ব্যাখ্যা কর। ৫

৪। শ্রীকৃষ্ণকীর্তনের ‘রাধাবিরহ’ অংশটি কি প্রক্ষিপ্ত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৫

৫। অনুবাদ কাকে বলে? একটি ভালো অনুবাদের বৈশিষ্ট্যগুলি কি কি? ২+৩= ৫

৬। মালাধর বসু রচিত শ্রীকৃষ্ণবিজয় কাব্যের শ্রেণীবিচার কর। ৫

৭। ‘মনসাবিজয়’ কাব্যের আত্মপরিচয় অংশ থেকে কবি বিপ্রদাস পিপলাই-এর জন্মপরিচয় এবং কাব্যরচনাকাল সম্পর্কে যা জানা যায় সে সম্পর্কে লেখ। ৫

৮। গোবিন্দদাসকে ‘দ্বিতীয় বিদ্যাপতি’ বলা হয় কেন? ৫

যেকোনো ৫টি প্রশ্নের উত্তর দাও।

৫ x ১০= ৫০

১। শ্রীকৃষ্ণকীর্তনের রাধা এবং বৈষ্ণব পদাবলীর রাধা চরিত্রের তুলনামূলক আলোচনা কর। ১০

২। “ বিদ্যাপতি সুখের কবি, চণ্ডিদাস দুঃখের কবি। বিদ্যাপতি বিরহে কাতর হইয়া পড়েন, চণ্ডিদাসের মিলনেও সুখ নাই।

বিদ্যাপতি জগতের মধ্যে প্রেমকে সার বলিয়া জানিয়াছেন, চণ্ডিদাস প্রেমকেই জগৎ বলিয়া জানিয়াছেন। বিদ্যাপতি ভোগ করিবার কবি, চণ্ডিদাস সহ্য করিবার কবি”— রবীন্দ্রনাথের এই বক্তব্যের সঙ্গে কি তুমি সহমত? তোমার নিজস্ব পদাবলী পাঠের ভিত্তিতে প্রসঙ্গটির আলোচনা কর। ১০

৩। চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যপ্রতিভা আলোচনা কর। ১+৯= ১০

৪। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে পুরাণ এবং গীতগোবিন্দের প্রভাব সম্পর্কে আলোচনা কর। ৫+৫= ১০

৫। কৃত্তিবাসী রামায়নকে কি বাংলা অনুবাদ সাহিত্য ধারার শ্রেষ্ঠ নিদর্শন বলা যায়? তোমার বক্তব্যের স্বপক্ষে যুক্তি দাও। ১০

৬। চর্যাপদে অন্ত্যজ সমাজের জীবনযাত্রার যে চিত্র পাওয়া যায় সে সম্পর্কে আলোচনা কর। ১০

৭। আক্ষেপানুরাগের শ্রেষ্ঠ কবি কে? তিনি কোন সময়ের কবি ছিলেন? তাঁর কাব্যভাবনা সম্পর্কে আলোচনা কর। ১+১+৮= ১০

GE 1

বি.এ. বি.এড

প্রথম সেমেস্টার

ডিপার্টমেন্ট অফ এডুকেশন, বর্ধমান বিশ্ববিদ্যালয়

পূর্ণমান-৮০

ষেকোনো ৬টি প্রশ্নের উত্তর দাও

৬ x ৫= ৩০

- ১। চর্যাগীতির ভাষাবিতর্ক সম্পর্কে তোমার অভিমত ব্যাখ্যা কর। ৫
- ২। বাংলা সাহিত্যের ধারায় মঙ্গলকাব্যগুলির বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা কর। ৫
- ৩। বিপ্রদাস পিপলাই-এর মনসা বিজয় কাব্যের বণিক খণ্ডের কাহিনীটি সংক্ষেপে লেখ। ৫
- ৪। শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের আঙ্গিক সম্পর্কে আলোচনা কর। ৫
- ৫। বৈষ্ণব পদকার হিসেবে গোবিন্দদাসের কৃতিত্ব আলোচনা কর। ৫
- ৬। চর্যাপদের নামকরণ বিতর্ক সম্পর্কে যা জান লেখ। ৫
- ৭। কৃত্তিবাসী রামায়ণ অনুবাদ সাহিত্য হিসেবে কতখানি সার্থক আলোচনা কর। ৫
- ৮। পদাবলী কাকে বলে? পদাবলী সাহিত্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ কর। ১+৪= ৫

ষেকোনো ৫টি প্রশ্নের উত্তর দাও।

৫ x ১০= ৫০

- ১। কবি জ্ঞানদাসের কাব্যপ্রতিভা সম্পর্কে আলোচনা কর। ১০
- ২। মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ কে? তিনি কেন এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি সে সম্পর্কে আলোচনা কর। ১+৯= ১০
- ৩। শ্রীকৃষ্ণকীর্তনের পুঁথি কে কবে কোথার থেকে আবিষ্কার করেন? বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন কাব্যে যে সমাজচিত্রের প্রতিফলন পাওয়া যায় সে সম্পর্কে আলোচনা কর। ২+৮= ১০
- ৪। কবিকঙ্কণ কার উপাধি? কে তাঁকে এই উপাধি প্রদান করেন? তাঁর কাব্যে বর্ণিত কালকেতু, ফুল্লরা, ধনপতি এবং ভাঁড়ুদত্তর চরিত্র তোমার নিজের ভাষায় বর্ণনা কর। ১+১+৮= ১০
- ৫। ঘনরাম দাসের ধর্মমঙ্গল কাব্যের সমাজচিত্র বর্ণনা কর। ১০
- ৬। মঙ্গলকাব্য বলতে কি বোঝায়? মঙ্গল নামের কারণ কি? মঙ্গলকাব্যগুলি রচনার সামাজিক প্রেক্ষাপট সম্পর্কে আলোচনা কর। ২+৩+৫= ১০
- ৭। চর্যাপদের ধর্মমত সম্পর্কে লেখ। ১০